রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৩৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৭, ২০১৭

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৩৭—৬৫৭ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৩৭—১৩৫২ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০৩—২০৯ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০২৩—১০৪২ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০৭ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০১.১৭-৩৬৩**—যেহেতু, জনাব কবির হোসেন সরদার (পরিচিতি নং ১৫১৯৬), সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত-এর বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক ভিত্তিক অনলাইন ব্যবসা প্রতিষ্ঠান Forex Capital CS এ অর্থ বিনিয়োগ করে দ্রুত অর্থ লাভের প্রলোভন দিয়ে জনৈক মোস্তফা কামাল, ৫৯১, উত্তর কাফরুল, ঢাকা এর নিকট হতে ৭,০০,০০০ (সাত লক্ষ) টাকা গ্রহণ, পাওনা টাকা ও লাভ চাইতে গেলে জীবননাশের হুমকি প্রদান এবং একজন সরকারি কর্মকর্তা হয়েও কর্তৃপক্ষের বিনা অনুমতিতে তিনি ও তার স্ত্রীর Onirban Advice Center নামে একটি কোচিং সেন্টার পরিচালনার সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া যায়। উক্ত অপরাধে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৯-০৪-২০১৭ তারিখের ০৫.০০. ০০০০.১৮১.২৭.০০১.১৭.১৯১ নম্বর স্মারকযোগে তার কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২১-০৫-২০১৭ তারিখ তার লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ০২-০৭-২০১৭ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। একই বিষয়ে অধিকতর শুনানির প্রয়োজনীয়তা থাকায় ১৯-০৭-২০১৭ তারিখ পুনঃ শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিতে সরকার পক্ষের প্রতিনিধি জানান, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগকারীর নিকট হতে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক ভিত্তিক অনলাইন ব্যবসা প্রতিষ্ঠান Forex Capital CS এ অর্থ বিনিয়োগ করে দ্রুত টাকা লাভের প্রলোভন দিয়ে ৭,০০,০০০ (সাত লক্ষ) টাকা গ্রহণ, পাওনা টাকা ও লাভ ফেরত চাইলে অভিযোগকারীকে জীবননাশের হুমকি প্রদান এবং একজন সরকারি কর্মকর্তা হয়েও কর্তৃপক্ষের বিনানুমতিতে স্ত্রীর নামে Onirban Advice Center পরিচালনা ও নিজে এর সাথে জড়িত থাকার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। অভিযুক্ত কর্মকর্তা

ব্যক্তিগত শুনানিতে এসব কর্মকাণ্ডের সাথে জড়িত নন উল্লেখ করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রার্থনা করেন। প্রাথমিক তদন্ত কর্মকর্তা জানান, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক সরকারি কর্মচারী হয়েও অভিযোগকারীর নিকট হতে অর্থ ধার করা, পরবর্তীতে অর্থ ফেরত প্রদানে অভিযোগ প্রত্যাহার এবং অভিযুক্ত কর্মকর্তা ও তার স্ত্রী অনির্বান কোচিং সেন্টারের সাথে জড়িত থেকে অন-লাইনে এ সংক্রান্ত বিভিন্ন ছবি ও প্রচারণা চালানো সরকারি কর্মচারি আচরণ বিধি-এর পরিপন্থি কাজ। তিনি এর সমর্থনে প্রমাণক দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগ, সংশ্লিষ্ট সকল পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য প্রমাণ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করা হলো। সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক অভিযোগকারীর নিকট হতে অর্থ গ্রহণ এবং Onirban Advice Center নামক কোচিং সেন্টারের সাথে তিনি এবং তার স্ত্রীর জড়িত থাকার বিষয়টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ কবির হোসেন সরদার (১৫১৯৬), সহকারী সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যস্ত-কে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা-১৯৭৯ এর ১০ এবং ১৭ বিধির লঙ্ঘন এবং একই কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ (Misconduct)" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৭(২)(বি) বিধির অনুসরণক্রমে বিধি ৪(২)(এ) অনুযায়ী "তিরস্কার (Censure)" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

## জাতীয় রাজস্ব বোর্ড
## [শুল্ক]

### প্রজ্ঞাপন

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০৩ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৭৪/২০১৭/শুল্ক/৩৫৭**—The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেটে স্থাপিত মেসার্স এইচ. এম এন্টারপ্রাইজ নামীয় শুল্কমুক্ত বিপনীর (বণ্ড লাইসেন্স নং-০১/কাস-এসবিডব্লিউ/২০১৭, তাং ১৯-০৩-২০১৭) অনুকূলে ২০১৭-১৮ অর্থ বছরে নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো।

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট ও তামাকজাত | ৪৩,০০০.০০ |
| ০২. | মদ/লিকার (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি প্রাপ্তিসাপেক্ষে) | ৩০,০০০.০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৫,০০০.০০ |
| ০৪. | খাদ্য সামগ্রী ও অন্যান্য | ৫,০০০.০০ |
| | সর্বমোট = | ৮৩,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ. এফ. এম. শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বণ্ড ও আইটি)।

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশ

তারিখ: ১৯ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-১২/২০১৭-৩৭১**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ রকিবুল ইসলাম, পিতা-মরহুম মকবুল হোসেন মিয়া-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লেখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## (ক্রীড়া -২ শাখা)

### আদেশ

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/২৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০৮০.২৭.০০২.০৬(অংশ-১)-১৭০**—যেহেতু ক্রীড়া পরিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকা এর সাবেক অধ্যক্ষ জনাব মোঃ তারেক ইকবাল খান মজলিশ এর বিরুদ্ধে আর্থিক শৃঙ্খলা পরিপন্থীর অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগীয় কার্যক্রম কেন গ্রহণ করা হইবে না সেই মর্মে তাঁহাকে অভিযোগনামা প্রদান করা হয়;

২। যেহেতু জনাব মোঃ তারেক ইকবাল খান মজলিশ তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব দাখিল করেন;

৩। যেহেতু তাঁহার দাখিলকৃত অভিযোগের জবাব পর্যালোচনা করা হয় এবং রেকর্ড পত্র পরীক্ষা-নিরীক্ষা করার পর তাঁহার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(ডি) বিধির আওতায় আনীত অভিযোগ প্রমাণিত হয়;

৪। এক্ষণে, সেইহেতু জনাব মোঃ তারেক ইকবাল খান মজলিশ এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(২)(ই) বিধি মোতাবেক টাইম স্কেলের নিম্নধাপে অবনমিত করার (reduction to a lower stage in the time-scale) লঘুদন্ড আরোপ করা হইল; যাহার কারণে জনাব মোঃ তারেক ইকবাল খান মজলিশ এর অবসর ছুটি আরম্ভের অব্যবহিত পূর্বের তারিখে মূল বেতন ৬০,৮৪০/- এর এক ধাপ নিম্নে (lower stage) ৫৮,৫০০/- টাকা মূল বেতন নির্ধারণ করা হইল; যাহার ওপর তিনি লাম্পগ্রান্ট, পেনশন ও আনুতোষিকসহ যাবতীয় আর্থিক সুবিধা প্রাপ্য হইবেন। জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর অনুচ্ছেদ ৫ এর (ঝ) মোতাবেক জনাব মোঃ তারেক ইকবাল খান মজলিশ এর অবসরোত্তর ছুটির সময় যদি তাঁর বর্ধিত বেতনের তারিখ থাকে তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধি শুধুমাত্র পেনশন/আনুতোষিক গণনার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আসাদুল ইসলাম**
ভারপ্রাপ্ত সচিব।

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-০১ শাখা**

**আদেশ**

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৪/০৭ আগস্ট ২০১৭

**নং ৪২.০০.০০০০.০৩১.২২.১৭৯.১৬**—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর জন্য অস্থায়ীভাবে সৃষ্ট নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাটাগরির ৭১ (একাত্তর)টি পদ সৃজন ০৮ টি পদ বিলুপ্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের ০৯-০৭-২০১৭ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.৭১১.০৬.০১১.১৭-৪০৭, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০৩-২০১৪ তারিখের স্মারক নং ০৫.১৫২.০১৫.০২.০০.০১৭.২০১২-৬৮ ও ১৯-০৬-২০১৬ তারিখের স্মারক নং ০৫.১৫৭.০২৮.০৩.০২.০১১.২০১০-১৩০ এবং অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ০৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং ০৭.০০.০০০০.১৬৩.৪২.০১৫.২০১৬-৩০ এর নির্দেশনা মোতাবেক আদিষ্টক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| ক্রমিক নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | **(প্রশাসন ও অর্থ)** | | | |
| ১ | উপ-পরিচালক | ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬) | ০১(এক)টি | |
| ২ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ০২ টি | | | |
| | **প্রধান কার্যালয়, প্রশাসন শাখা :** | | | |
| ১ | সহকারী পরিচালক | ২২০০০—৫৩০৬০/-(গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ২ | সহকারী গ্রন্থাগারিক | ১৬০০০—৩৮৬৪০/-(গ্রেড-১০) | ০১(এক)টি | |
| ৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০—২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৪ | স্টোর কিপার | ৯৩০০—২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৫ | ইলেকট্রিশিয়ান | ৯৩০০—২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৬ | মেকানিক | ১২৫০০—৩০২৩০/-(গ্রেড-১১) | ০১(এক)টি | |
| ৭ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| ৮ | নিরাপত্তা প্রহরী | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| ৯ | পরিচ্ছন্ন কর্মী | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০২(দুই)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ১০টি | | | |
| | **অর্থ ও নিরীক্ষা শাখা :** | | | |
| ১ | হিসাব রক্ষণ কর্মকর্তা | ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) | | |
| ২ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ২টি | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | **কৃষি, পানি ও পরিবেশ :** | | | |
| ১ | পরিচালক | ৪৩০০০–৬৯৮৫০/-(গ্রেড-৫) | ০১(এক)টি | |
| ১ | উপ-পরিচালক | ৩৫৫০০–৬৭০১০/-(গ্রেড-৬) | ০১(এক)টি | |
| | মোট ২ টি | | | |
| | **কৃষি ও মৎস্য শাখা :** | | | |
| ১ | সহকারী পরিচালক (কৃষি) | ২২০০০–৫৩০৬০/-(গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ২ | সহকারী পরিচালক (মৎস্য) | ২২০০০–৫৩০৬০/-(গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ৩ | উপ-সহকারী পরিচালক | ১৬০০০–৩৮৬৪০/-(গ্রেড-১০) | ০২(দুই)টি | |
| ৪ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৫ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০২(দুই)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ৭টি | | | |
| | **পরিবেশ শাখা :** | | | |
| ১ | হাইড্রো মরফোলজিস্ট | ২২০০০–৫৩০৬০/-(গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ২ | হাইড্রোলজিস্ট | ২২০০০–৫৩০৬০/-(গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০২(দুই)টি | |
| ৪ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০৩(তিন)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ৭টি | | | |
| | **পরিকল্পনা ও আইসিটি :** | | | |
| ১ | পরিচালক | ৪৩০০০–৬৯৮৫০ (গ্রেড-৫) | ০১(এক)টি | |
| ২ | উপ-পরিচালক | ৩৫৫০০–৬৭০১০ (গ্রেড-৬) | ০১(এক)টি | |
| ৩ | নির্বাহী প্রকৌশলী | ৪৩০০০–৬৯৮৫০ (গ্রেড-৫) | ০১(এক)টি | |
| ৪ | ব্যক্তিগত সহকারী | ৯৩০০–২২৪৯০/- (গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৫ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০৩(তিন)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ৭টি | | | |
| | **পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা :** | | | |
| ১ | সহকারী পরিচালক | ২২০০০–৫৩০৬০/- | ০১(এক)টি | |
| ২ | ডাটা কালেক্টর | ১০২০০–২৪৬৮০/-(গ্রেড-১৪) | ০১(এক)টি | |
| ৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৫ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ১ (এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ৪টি | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | **প্রকৌশল শাখা :** | | | |
| ১ | উপ-বিভাগীয় প্রকৌশলী | ৩৫৫০০–৬৭০১০ (গ্রেড-৬) | ০১(এক)টি | |
| ২ | সহকারী প্রকৌশলী | ২২০০০–৫৩০৬০/-(গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ৩ | সার্ভেয়ার | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৪ | ড্রাফটস্ ম্যান | ১১০০০–২৬৫৯০/-(গ্রেড-১৩) | ০১(এক)টি | |
| ৫ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০২(দুই)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ৬টি | | | |
| | **আইসিটি শাখা :** | | | |
| ১ | প্রোগ্রামার | ৩৫৫০০–৬৭০১০ (গ্রেড-৬) | ০১(এক)টি | |
| ২ | সহকারী মেন্টেনেন্স ইঞ্জিনিয়ার | ২২০০০–৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ৩ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ৩টি | | | |
| | **আঞ্চলিক কার্যালয়সমূহ : সুনামগঞ্জ** | | | |
| ১ | উপ-সহকারী প্রকৌশলী | ১৬০০০–৩৮৬৪০/-(গ্রেড-১০) | ০১(এক)টি | |
| ২ | সার্ভেয়ার | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৩ | পরিচ্ছন্নকর্মী | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ৩টি | | | |
| | **কিশোরগঞ্জ** | | | |
| ১ | উপ-সহকারী প্রকৌশলী | ১৬০০০–৩৮৬৪০/-(গ্রেড-১০) | ০১(এক)টি | |
| ২ | সার্ভেয়ার | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৩ | পরিচ্ছন্নকর্মী | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ৩টি | | | |
| | **নেত্রকোনা** | | | |
| ১ | উপ-পরিচালক | ৩৫৫০০–৬৭০১০/-(গ্রেড-৬) | ০১(এক)টি | |
| ২ | সহকারী পরিচালক | ২২০০০–৫৩০৬০/-(গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ৩ | সহকারী প্রকৌশলী | ২২০০০–৫৩০৬০/-(গ্রেড-৯) | ০১(এক)টি | |
| ৪ | উপ-সহকারী প্রকৌশলী | ১৬০০০–৩৮৬৪০/-(গ্রেড-১০) | ০১(এক)টি | |
| ৫ | সার্ভেয়ার | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৬ | ডাটা কালেক্টর | ১০২০০–২৪৬৮০/-(গ্রেড-১৪) | ০১(এক)টি | |
| ৭ | হিসাব সহকারী | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ৮ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯ | গাড়ী চালক | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | The Gazatted and Non Gazatted Staff (Gov) Transport Directorate Recruitment Rules 1984 অনুযায়ী। |
| ১০ | স্পীড বোট চালক | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ১১ | ইঞ্জিন বোট চালক | ৯৩০০–২২৪৯০/-(গ্রেড-১৬) | ০১(এক)টি | |
| ১২ | বার্তা বাহক | ১৫৮০০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৫২০০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৭০০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| ১৩ | অফিস সহায়ক | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| ১৪ | নিরাপত্তা প্রহরী | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| ১৫ | পরিচ্ছন্নতা কর্মী | ১৫৫৫০/-(ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) ১৪৯৫০/-(সিটি কর্পোরেশন এবং সাভার এলাকার জন্য) ১৪৪৫০/-(অন্যান্য এলাকার জন্য) | ০১(এক)টি | অর্থ বিভাগের আউটসোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |
| | মোট ১৫টি | | | |

**বিলুপ্তির জন্য সুপারিশকৃত পদ :**

| ক্রমিক নং | বিলুপ্তির জন্য সুপারিশকৃত পদের নাম | বিলুপ্ত পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | পরিচালক (জলাভূমি) | ১ | |
| ২ | উপ-পরিচালক (প্রকৌশল) | ১ | |
| ৩ | উপ-পরিচালক (কৃষি ও মৎস্য) | ১ | |
| ৪ | উপ-পরিচালক (ভূমি ও পরিবেশ) | ১ | |
| ৫ | সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) | ১ | |
| ৬ | সহকারী পরিচালক (কৃষি ও মৎস্য) | ১ | |
| ৭ | সহকারী পরিচালক (ভূমি ও পরিবেশ) | ১ | |
| ৮ | সহকারী পরিচালক (প্রকৌশল) | ১ | |
| | মোট = | ০৮টি | |

* জনপ্রশাসন মন্ত্রণালয়ের স ও ব্য-৮ শাখার ১৯-০৬-২০১৬ তারিখের স্মারক নং ০৫.১৫৭.০২৮.০৩.০২.০১১.২০১০-১৩০, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয়-নিয়ন্ত্রণ অধিশাখা-৩ এর ০২-১০-২০১৬ তারিখের স্মারক নং ০৭.১৫৩.০২৯.০৬.০০.০২.২০১৫-৩৬৭, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন অধিশাখা-৩ এর ০৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং ০৭.০০.০০০০.১৬৩.৪২.০১৫.২০১৬-৩০ এবং মন্ত্রিপরিষদ বিভাগ, প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখার ০৯-০৭-২০১৭ তারিখের স্মারক নং ০৪.০০.০০০০.৭১১.০৬.০১১.১৭-৪০৭ এর শর্তাবলী অনুসরণযোগ্য।

২। উপর্যুক্ত অস্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুষঙ্গিক ব্যয় ২০১৭-২০১৮ অর্থ বছরে সাংবিধানিক কোড নং-৩, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় ইউনিট-৩২৮৩ম প্রাতিষ্ঠানিক কোড-৪৭৩১, অর্থনৈতিক কোড-৪৫০১, ৪৬০১ (সাধারণ মঞ্জুরী) ও অন্যান্য মঞ্জুরী বেতন বাবদ সহায়তা খাতে বারাদ্দকৃত অর্থ থেকে এ ব্যয় মিটানো হবে।

৩। এ আদেশ জারিতে সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**মোঃ মোতাহার হোসেন**
উপসচিব।

## উন্নয়ন-২ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০২ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪২.০০.০০০০.০৩৫.১৪.০৯৮.১৭-২৪৯**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "পঞ্চগড় জেলার বোদা উপজেলাধীন সাবেক নাজিরগঞ্জ ও দইখাতা ছিটমহল এলাকায় করোতোয়া নদীর বামতীর বরাবর নদীতীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিম্নোক্ত স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়

৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪। যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়

৫। যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়

৬। যুগ্ম-প্রধান (সেচ উইং), পরিকল্পনা কমিশন

৭। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৯। প্রধান পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০। উপ-সচিব (উন্নয়ন-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়

১১। উপ-প্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়

১২। সেচ উইং, পরিকল্পনা কমিশনের একজন উপযুক্ত প্রতিনিধি

১৩। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি

১৪। কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশনের একজন উপযুক্ত প্রতিনিধি

**সদস্য-সচিব**

১৫। প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী

**সদস্যবৃন্দ**

১৬। প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী

১৭। সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৪, পানি সম্পদ মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি:**

- প্রকল্পের সার্বিক বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা/ পরামর্শ প্রদান;
- প্রকল্প বাস্তবায়নে সমস্যা সমাধানে দিক নির্দেশনা;
- কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভা আহ্বান করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করা যাবে;
- বিবিধ।

**নং ৪২.০০.০০০০.০৩৫.১৪.০৬৮.১৭-২৫০**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বাস্তবায়নাধীন "বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের কুঠিবাড়ী ও পার্শ্ববর্তী এলাকা সংরক্ষণের নিমিত্তে পদ্মা নদীর ড্রেজিং" শীর্ষক প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১। সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়

৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪। যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়

৫। যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়

৬। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭। প্রধান পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮। উপ-সচিব (উন্নয়ন-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়

৯। উপ-প্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়

১০। সেচ উইং, পরিকল্পনা কমিশনের একজন উপযুক্ত প্রতিনিধি

১১। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি

১২। কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশনের একজন উপযুক্ত প্রতিনিধি

**সদস্য-সচিব**

১৩। প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী

**সদস্যবৃন্দ**

১৪। প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী

১৫। সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৪, পানি সম্পদ মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি**

- প্রকল্পের সার্বিক বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা/ পরামর্শ প্রদান;
- প্রকল্প বাস্তবায়নে সমস্যা সমাধানে দিক নির্দেশনা;
- কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভা আহ্বান করে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করা যাবে;
- বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তোফাজ্জেল হোসেন**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/৩০ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১২.১৭-৬৯৪**—জনাব মোঃ ওসমান গণি, উপজেলা প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, লোহাগড়া, নড়াইল দুর্নীতি দমন কমিশন, লোহাগড়া থানার মামলা নং ০৬/১৮২ এবং ০৭/১৮৩, ০৭-০৭-২০১৭ তারিখে গ্রেফতার হন। তিনি বর্তমানে জেল হাজতে আছেন বিধায় বিএসআর পার্ট-১ এর ৭৩ বিধি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১-১১-১৯৭৮ তারিখের ED(Reg.VI) S-১১৯/৮০-৩৭(৫০০) নম্বর স্মারক মোতাবেক তাঁকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা (Subsistance allowance) প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ০৭-০৭-২০১৭ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইকরামুল হক**
সচিব।

---

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ আগস্ট ২০১৭

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০১.১৭-১০২১**—দিনাজপুর জেলার ফুলবাড়ী পৌরসভার ০৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ গোলাম মোস্তাফা গত ১৯-০৭-২০১৭ ইং তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত আসনের কাউন্সিলর এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ: ২৪ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-২৬/২০১৭-৩৭৩**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে মাদারীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব সৈয়দ নূরুজ্জামান, পিতা জনাব সৈয়দ আব্দুল মোতালেব-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ: ২৭ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং আর-৬/৭এন-১৯/২০১৭-৩৭৪**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব বুলবুল রাবেয়া বানু, পিতা মোঃ নুরুল কবির-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

---

**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ: ২৭ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১৭/১১-৬৩২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মুহাম্মদ মুফিজুর রহমান, পিতা-মরহুম বজল আহমদ, মাতা-হাছিনা আক্তার, রহিম ম্যানসন খাজা রোড, বাদামতল, পূর্ব ষোলশহর, চান্দগাঁও, চট্টগ্রাম সিটি কর্পোরেশন) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চান্দগাঁও থানাধীন ৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

**নং বিচার-৭/২এন-৮৯/০৫-৬৩৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (কাজী মোহাম্মদ তাজুল ইসলাম, পিতা-কাজী মোহাম্মদ বজলুল হক, মাতা-ফেরদাউস আরা বেগম, গ্রাম-অম্বরনগর, ডাকঘর- অম্বরনগর, উপজেলা-সোনাইমুড়ী, জেলা-নোয়াখালী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলার ৫নং অম্বরনগর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

তারিখ: ৩১ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-১৩০/৭৬-৬৪২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ কামাল হোসেন, পিতা-মৃত মোঃ মোমরেজ শেখ, মাতা-নূর জাহান বেগম, গ্রাম-কোদলা, ডাকঘর-মীরের কোদসলা, উপজেলা-তেরখাদা, জেলা-খুলনা) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে খুলনা জেলার তেরখাদা উপজেলার ০৩নং ছাগলাদাহ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি, এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০২ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৫.০০.০০০০.০১৩.৯৯.০২২.১৬-৮১**—সরকারী চাকরি বিধিমালার "জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালা" (General Principles of Seniority) এর ধারা ২বি-১(এ) ও (বি) (পরিশিষ্ট-ক) এবং BSR 54 (Part-1, Page-28) and FR-30(15) and 55 এবং (পরিশিষ্ট-খ) এবং 38 ATC 50 অনুযায়ী (পরিশিষ্ট গ-১ ও গ-২) অনুযায়ী জনাব মোঃ আশরাফুল আলম এর আবেদন বিবেচনা করে তাকে তার মূল ব্যাচ ১৫শ বিসিএস এর জুনিয়র ০৩ (তিন) কর্মকর্তার পদোন্নতির তারিখ অর্থাৎ ২৭-১১-২০১৬ তারিখ হতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদের ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হল। এক্ষেত্রে তিনি কোন রকম আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোসাঃ সুরাইয়া বেগম**
উপসচিব।

---

**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৪/০২ আগস্ট ২০১৭

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০০৯.২০১৬/২৩৫**—যেহেতু, জনাব শেখ ফয়সাল কবির, সহকারী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ উপ-বিভাগ, খুলনায় কর্মরত থাকাকালীন যুক্তরাষ্ট্রে মার্স্টাস ইন সিভিল ইঞ্জিনিয়ারিং কোর্সে অংশগ্রহণের জন্য মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ০২-০৮-২০১৩ তারিখ হতে ১৮-১২-২০১৫ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি নিয়ে বিদেশ গমণ করেন। পরবর্তীতে যুক্তরাষ্ট্রে অবস্থান করে পিএইচডি করার জন্য ১৯-১২-২০১৫ তারিখ হতে ২০-০৫-২০২০ তারিখ পর্যন্ত ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন করেন, যা বিধি বহির্ভূত হওয়ায় গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বিবেচিত হয়নি। সে কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ০৯-০৬-২০১৬ তারিখে ২৫.০১৮.০০৫.০০২.০০.০১০.২০১৬-২২৬ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড উইথ এডি যোগে অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের কোন জবাব প্রদান করেননি এবং ডাক বিভাগ হতে অভিযুক্তের ঠিকানায় প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী "প্রাপক বর্তমানে বিদেশ থাকায়" মন্তব্যসহ ফেরত পাওয়া যায়। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য মোঃ রফিকুল ইসলাম (পরিচিতি নম্বর ৬৬৫৭), উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে আলোচ্য মামলার তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ০৯-০১-২০১৭ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে জনাব শেখ ফয়সাল কবির এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার নথি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর ৩(ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে ২৫-০১-২০১৭ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশেরও কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, জনাব শেখ ফয়সাল কবির, সহকারী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ উপ-বিভাগ, খুলনা-কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করার গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত অপরিবর্তিত রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৭) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কনসালটেশন রেগুলেশন, ১৯৭৯ এর ৬নং রেগুলেশন মোতাবেক উক্ত গুরুদণ্ড আরোপের বিষয়ে মতামত প্রদানের জন্য ০৬-০২-২০১৭ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে জনাব শেখ ফয়সাল কবির-কে "চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ডি) অনুযায়ী জনাব শেখ ফয়সাল কবির-কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব শেখ ফয়সাল কবির-কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করার গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব শেখ ফয়সাল কবির, সহকারী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ উপ-বিভাগ, খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২২ শ্রাবণ ১৪২৪/০৬ আগস্ট ২০১৭

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০২০.২০১৫/২৩৬**—যেহেতু, জনাব মোঃ আলী আল ইমরান, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকায় কর্মরত থাকা অবস্থায় ০১-০৩-২০১০ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় ০২-০৬-২০১০ তারিখে কারণ দর্শানো হয়। তিনি কোন জবাব দাখিল করেননি এবং অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সে কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ৩০-১২-২০১৫ তারিখে ২৫.০১৮.০০৫.০০২.০০.০২৫.২০১৫-৪৫০ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড উইথ এডি যোগে অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের কোন জবাব প্রদান করেননি এবং ডাক বিভাগ হতে অভিযুক্তের ঠিকানায় প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী "কর্মস্থলে দীর্ঘদিন যাবত অননুমোদিত অনুপস্থিত থাকায় ফেরত" মন্তব্যসহ ফেরত পাওয়া যায়। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য মোঃ রফিকুল ইসলাম (পরিচিতি নম্বর ৬৬৫৭), উপসচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ৩০-১১-২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আলী আল ইমরান এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (সি) মোতাবেক "ডিজারশন" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার নথি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী "ডিজারশন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর ৩(ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে ১৯-১২-২০১৬ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশেরও কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, জনাব মোঃ আলী আল ইমরান, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর-কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করার গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত অপরিবর্তিত রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৭) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কনসালটেশন রেগুলেশন, ১৯৭৯ এর ৬নং রেগুলেশন মোতাবেক উক্ত গুরুদণ্ড আরোপের বিষয়ে মতামত প্রদানের জন্য ০৬-০২-২০১৭ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে জনাব মোঃ আলী আল ইমরান-কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ডি) অনুযায়ী জনাব মোঃ আলী আল ইমরান-কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from

service) গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আলী আল ইমরান কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করার গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব মোঃ আলী আল ইমরান, সহকারী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী "ডিজারশন" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৫.০১৮.০০৫.০০২.০০.০২৬.২০১৫/২৩৭**—যেহেতু, জনাব মোহাম্মদ মাকসুদ-উল-আলম, উপ বিভাগীয় প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত বিভাগে কর্মরত থাকা অবস্থায় কর্তপক্ষের বিনা অনুমতিতে ০৫-০১-২০১২ হতে ০৯-০১-২০১২ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত থাকায় নির্বাহী প্রকৌশলী, গোপলগঞ্জ গণপূর্ত বিভাগ হতে ১৭-০১-২০১২ তারিখে কারণ দর্শানো হয়। তিনি কোন জবাব দাখিল করেননি এবং অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। সে কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ২০-০৪-২০১৬ তারিখে ২৫.০১৮.০০৫. ০০২.০০.০২৬.২০১৫-৬৩ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্টার্ড উইথ এডি যোগে অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের কোন জবাব প্রদান করেননি এবং ডাক বিভাগ হতে অভিযুক্তের ঠিকানায় প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী "প্রাপক কে খুজিয়া না পাওয়ায় ফেরত" মন্তব্যসহ ফেরত পাওয়া যায়। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য মোসাঃ সুরাইয়া বেগম (পরিচিতি নম্বর ৬৭৪৫), উপ সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ০২-১১-২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে জনাব মোহাম্মদ মাকসুদ-উল-আলম এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার নথি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪ এর ৩(ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে ১৯-১২-২০১৬ তারিখ দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশেরও কোন জবাব প্রদান করেননি;

যেহেতু, জনাব মোহাম্মদ মাকসুদ-উল-আলম, উপ বিভাগীয় প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত বিভাগ-কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করার গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত অপরিবর্তিত রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৭) এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কনসালটেশন রেগুলেশন, ১৯৭৯ এর ৬নং রেগুলেশন মোতাবেক উক্ত গুরুদণ্ড আরোপের বিষয়ে মতামত প্রদানের জন্য ৩১-০১-২০১৭ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে অনুরোধ করা হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে জনাব মোহাম্মদ মাকসুদ-উল-আলম-কে "চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ডি) অনুযায়ী জনাব মোহাম্মদ মাকসুদ-উল-আলম কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব মোহাম্মদ মাকসুদ-উল-আলম কে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করার গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব মোহাম্মদ মাকসুদ-উল-আলম, উপ বিভাগীয় প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত বিভাগ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) ও (সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪ এর (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

---

**প্রশাসন-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৪/০৮ আগস্ট ২০১৭

**নং ২৫.০০.০০০০.০১৯.০৩.০২.৯৭(অংশ)/৪৪৯**—খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ অধ্যাদেশ ১৯৬১ এর ৪(১) (আই) ধারা মোতাবেক খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের বোর্ড সদস্য হিসেবে জনাব আলহাজ্ব মোঃ আশরাফুল ইসলাম, পিতা আলহাজ্ব একেএম মুখতার হোসেন, সাংগঠনিক সম্পাদক, খুলনা মহানগর আওয়ামীলীগ, খুলনাকে সরকার পুনরায় ০১ বছরের জন্য নিয়োগ প্রদান করলেন।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**শ্যামলী নবী**
উপসচিব।

---

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**
**উন্নয়ন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ মে ২০১৭

**নং ২৭.০৭২.০১৪.০৬.০০.০১১.২০১৩(অংশ-১)-২৬৬**—বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল বিতরণ সংস্থা/কোম্পানির বিদ্যুতের সিস্টেম লস হ্রাসকরণ, রাজস্ব আয় বৃদ্ধি, ত্রুটিপূর্ণ বিলিং ব্যবস্থা পরিহারের মাধ্যমে গ্রাহক সেবার মান উন্নয়ন, লোড ম্যানেজমেন্ট ব্যবস্থা বাস্তবায়ন ও জনগণের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ী মনোভাব সৃষ্টির

লক্ষ্যে সমগ্র দেশব্যাপী বিদ্যমান সকল বিদ্যুৎ মিটার প্রি-পেমেন্ট মিটারে পরিবর্তনের সিদ্ধান্তের প্রেক্ষিতে এর মূল্য গ্রাহকের নিকট থেকে কিস্তিতে বিলের সাথে ভাড়ায় সমন্বয়ের বিষয়ে নিম্নোক্ত অভিন্ন নীতিমালা প্রণয়ন করা হলো:—

(ক) প্রি-পেমেন্ট মিটারের মূল্য গ্রাহকদের নিকট হতে আদায়ের জন্য সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানিতে এবং সকল ধরনের প্রি-পেইড মিটারের (নতুন/পুরাতন) ক্ষেত্রে মিটারের মূল্য মাসিক বিদ্যুৎ বিলের সাথে "ভাড়ায় সমন্বয়" পদ্ধতি অনুসরণ করতে হবে;

(খ) প্রি-পেইড মিটার স্থাপনের সময় গ্রাহকদের নিকট হতে কোন অর্থ আদায় করা যাবে না;

(গ) সিঙ্গেল ফেজ মিটারের মাসিক ভাড়া ৪০ (চল্লিশ) টাকা এবং থ্রি-ফেজ মিটারের মাসিক ভাড়া ২৫০ (দুইশত পঞ্চাশ) টাকা হিসেবে বিদ্যুৎ বিলের সাথে আদায় করতে হবে;

(ঘ) প্রি-পেইড মিটারের ভাড়া আদায় পদ্ধতি বিদ্যুৎ সংযোগ বহাল থাকা পর্যন্ত বলবৎ থাকবে এবং কোনসময় মিটারের কোন ত্রুটি মেরামত করার প্রয়োজন হলে বা মিটার পরিবর্তন করার প্রয়োজন হলে সংস্থা/কোম্পানি নিজ ব্যয়ে তা করবে এবং এজন্য গ্রাহকের নিকট হতে কোন চার্জ/ফি গ্রহণ করা যাবে না;

(ঙ) গ্রাহক প্রি-পেইড মিটারের জন্য নির্ধারিত ভাড়া প্রতি মাসের প্রথমবার মিটার চার্জ/রিচার্জিং এর সময় পরিশোধ করবে। গ্রাহককে এনার্জি ক্রয়ের সাথে ডিমান্ড চার্জ, সার্ভিস চার্জ ভ্যাট ইত্যাদি পরিশোধ করতে হয় বিধায় মাসের প্রথমবার প্রি-পেইড মিটার চার্জ/রিচার্জের সময় গ্রাহককে একটি ন্যূনতম অংকের টাকা রিচার্জ করতে হবে। এজন্য মাসের প্রথমবার প্রি-পেইড মিটার চার্জ/রিচার্জিং এ সিঙ্গেল ফেজ মিটারের জন্য ন্যূনতম ২০০(দুইশত) টাকা এবং থ্রি-ফেজ মিটারের জন্য ন্যূনতম ১০০০ (এক হাজার) টাকা নির্ধারণ করতে হবে;

(চ) গ্রাহকের কারণে প্রি-পেইড মিটার নষ্ট হলে কিংবা গ্রাহক উদ্দেশ্য প্রণোদিতভাবে মিটারের ক্ষতিসাধন করলে সেক্ষেত্রে গ্রাহকের নিকট হতে মিটারের মূল্য আদায় করতে হবে;

(ছ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানিসমূহ কর্তৃক যে সকল এলাকায় ইতোমধ্যে প্রি-পেইড মিটারিং সিস্টেম বাস্তবায়ন করা হয়েছে ঐ সকল এলাকার গ্রাহকদের খোলা বাজার থেকে সংশ্লিষ্ট কোম্পানির (যারা মিটার ইন্টারফেজ এবং সরবরাহ করেছে) নির্দিষ্ট স্পেসিফিকেশন ও ব্র্যান্ডের প্রি-পেইড মিটার ক্রয়ের জন্য অনুমতি প্রদান করা যেতে পারে;

(জ) সংশ্লিষ্ট বিতরণী সংস্থা/কোম্পানি গ্রাহক কর্তৃক ক্রয়কৃত মিটার টেস্ট করার পর তা সংযোজন করা যাবে। উন্মুক্ত বাজার হতে গ্রাহক কর্তৃক ক্রয়কৃত মিটারের ক্ষেত্রে এ প্রজ্ঞাপনে বর্ণিত প্রি-পেইড মিটারের ভাড়া আদায় পদ্ধতি প্রযোজ্য হবে না।

২। প্রত্যেক বিতরণ সংস্থা/কোম্পানি স্ব স্ব বোর্ড/পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে উল্লিখিত নীতিমালা বাস্তবায়ন করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শওকত আলী**
উপসচিব।

**প্রশাসন-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/১৯ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ২৭.০০.০০০০.০৪১.৩১.০১৩.১৬.১০৩৫**—টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন-১০১২ এর ধারা-৯ ও ১০ এবং জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ এর বিধি-৪ এর বিধান অনুযায়ী নিম্নবর্ণিত সদস্যবর্গের সমন্বয়ে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) এর পরিচালনা পর্যদ গঠন করা হলো :

| | | |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান, স্রেডা, ঢাকা | সভাপতি |
| ২। | সদস্য (জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ), স্রেডা, ঢাকা | সার্বক্ষণিক সদস্য |
| ৩। | সদস্য (নবায়নযোগ্য জ্বালানি), স্রেডা, ঢাকা। | ঐ |
| ৪। | সদস্য (প্রশাসন), স্রেডা, ঢাকা। | সার্বক্ষণিক সদস্য |
| ৫। | সদস্য (নীতি ও গবেষণা), স্রেডা, ঢাকা। | ঐ |
| ৬। | সদস্য (অর্থ), স্রেডা, ঢাকা। | ঐ |
| ৭। | শেখ ফয়েজুল আমীন, যুগ্মসচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। | অবৈতনিক সদস্য |
| ৮। | জনাব মোঃ হারুন-অর-রশিদ খান, মহাপরিচালক (যুগ্মসচিব), হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। | ঐ |
| ৯। | বেগম রাশেদা আকতার, যুগ্মসচিব (এনটিআর), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | ঐ |
| ১০। | বেগম লুৎফুন নাহার বেগম, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয়। | ঐ |
| ১১। | জনাব মু. শুকুর আলী, যুগ্মসচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়। | ঐ |
| ১২। | জনাব মোঃ ইমরুল চৌধুরী, যুগ্মসচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়। | ঐ |
| ১৩। | প্রফেসর ড. সাইফুল হক, পরিচালক, শক্তি ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় (শিক্ষাবিদ)। | ঐ |
| ১৪। | জনাব এম. এ. গোফরান, চেয়ারম্যান, বাংলাদেশ বায়োগ্যাস ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, সড়ক নং-১৪ (নতুন)/২৯ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা (পেশাজীবী)। | ঐ |
| ১৫। | ড. মোঃ জিয়াউর রহমান খান, অধ্যাপক, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, বুয়েট, ঢাকা (কারিগরি বিশেষজ্ঞ)। | ঐ |
| ১৬। | জনাব দীপাল চন্দ্র বড়ুয়া সভাপতি, বাংলাদেশ সোলার এন্ড রিনিউয়েবল এনার্জি এসোসিয়েশন, হাউস নং-৩০ (৫ম ফ্লোর), রোড নং-১০, ব্লক-জি, বনানী, ঢাকা (ব্যবসায়ী প্রতিনিধি) | ঐ |
| ১৭। | বেগম সেলিমা আহমাদ, সভাপতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বি.ডব্লিউ.সি.সি.আই), প্লট-২, ৩য় ও ৪র্থ তলা, রোড-২৩/সি, গুলশান-১, ঢাকা-১২১২ (বেসরকারি উন্নয়ন সংস্থ)। | ঐ |

**পর্ষদের-কার্য পরিধিঃ**

২। পর্ষদের অবৈতনিক সদস্যগণের মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে ২ (দুই) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা ইয়াসমিন**
উপসচিব (প্রশাসন)।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি মাধ্যমিক-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/১০ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.০০৩.০১২.১৬-৭৭১**—১০ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ/২৬ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ৩(তিন) টি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারিকরণ করা হলো:

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১। | নাচোল খ. ম. উচ্চ বালিকা বিদ্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ |
| ২। | বড়গাছী উচ্চ বিদ্যালয়, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ |
| ৩। | ভেড়ামারা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ভেড়ামারা, কুষ্টিয়া |

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন**
উপসচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০০৪.০৪.০৫৯.১১-১৭৩**—যেহেতু, জনাব মোঃ সাইদুর রহমান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, লালমনিরহাট (সাবেক জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর ২০-১১-২০১১ তারিখের প্রাগম/তঃশৃঃ/বিমা-৫৯/২০১১/৬৭৩ নং প্রজ্ঞাপনে তার ০২ দু'টি বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধির সমপরিমাণ অর্থ কর্তন করা হয়;

যেহেতু, উক্ত দণ্ডের বিরুদ্ধে তিনি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকাতে এটি ৪৫/২০১২ মামলা দায়ের করেন এবং উক্ত মামলায় বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক ১৪-০১-২০১৪ তারিখের রায়ে ২০-১১-২০১১ তারিখে প্রাগম/তঃশৃঃ/বিমা-৫৯/২০১১/৬৭৩ নং প্রজ্ঞাপনে প্রদত্ত লঘু দন্ডাদেশ ২ (দুই) বছরের স্থলে ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হয়;

সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত রায় অনুযায়ী জনাব মোঃ সাইদুর রহমান, সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, লালমনিরহাট (সাবেক জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাগেরহাট)-এর ২০-১১-২০১১ তারিখের প্রাগম/তঃশৃঃবিমা-৫৯/২০১১/৬৭৩ নং প্রজ্ঞাপনের দণ্ডাদেশ-এ উল্লিখিত বার্ষিক বেতন বৃদ্ধি ০২ বছরের স্থলে ১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

---

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং ৩০.০০.০০০০.০১৩.২২.০০১.২০১৭-২৫০**—বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ (২০১৭ এর ০৩ নং আইন) এর ৯(১) (২) ধারা অনুসারে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পরিচালনা পর্ষদ নিম্নরূপভাবে গঠন/পুর্নগঠন করা হলো:

**চেয়ারম্যান**

(১) চেয়ারম্যান,
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

(৩) সদস্য (পরিঃ পরিঃ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(৪) সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(৫) সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(৬) সদস্য (এটিএম)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(৭) সদস্য নিরাপত্তা
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(৮) সদস্য (ফ্লাইট স্টান্ডার্ড এন্ড রেগুলেশনস্-এফএসআর)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

(৯) পরিচালক (বিমান পরিচালন পরিদপ্তর)
বাংলাদেশ বিমান বাহিনী সদর দপ্তর

(১০) প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম পাটওয়ারী**
উপসচিব।

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ মাঘ ১৪২৩/১৭ জানুয়ারি ২০১৭

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৬.১৫/১৪০**—১৯৬৮ ইং সালের (১৯৭৬ ইং সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো ঃ

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | প্রত্নস্থলের নাম দিনাজপুর জমিদার বাড়ি<br>গ্রাম-রাজবাটি<br>ইউনিয়ন: ৬নং সদর<br>মৌজা: দিনাজপুর<br>ডাকঘর-রাজবাটি<br>উপজেলা/থানা: দিনাজপুর সদর<br>জেলা: দিনাজপুর | | | | | | ভূমি মন্ত্রণালয় | সম্মত নয় | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউদ্দিন ভূঁঞা**
সহকারী সচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ ভাদ্র ১৪২২/২০ আগস্ট ২০১৫

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১৩৮.১৫/১০৩**—১৯৬৮ ইং সালের (১৯৭৬ ইং সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | লালবিবির কবর ৩২ নং ওয়ার্ড মীরগঞ্জ, রংপুর সিটি কর্পোরেশন এলাকা রংপুর। | তামপাট তালুক তামফাট | ৪৭৫ | ৭৮৫ | ১.৬০ | উত্তর-বকুল মিয়া<br>দক্ষিণ-মানিক মিয়া<br>পূর্ব-গাওচুল আখম<br>পশ্চিম-সরকারি রাস্তা। | মোঃ কিয়ামুদ্দিন<br>পিং-মোঃ কাদের বক্স<br>সাং-নিজ | সম্মত আছে, স্থায়ী জনসাধারণ এর মতামত আছে। | কবরটি পুরাকীর্তি হিসেবে সংরক্ষণ করা যায়। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউদ্দিন ভূঁঞা**
সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ শ্রাবণ ১৪২২/০২ আগস্ট ২০১৫

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.১০৯.১৪/৬২**—১৯৬৮ ইং সালের (১৯৭৬ ইং সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | ঐতিহাসিক নবাব ওয়ালিবেগ খাঁ মসজিদ চকবাজার থানা-কোতয়ালী জেলা-চট্টগ্রাম। | | ১ | ২০৮৮ | ১৭০৬ শতাংশ | | দালান ১ প্রঃ অলি খাঁ মসজিদ মুসলমান সাধারণের ব্যবহার্য্য | | স্থানীয় জনগণের ইতিবাচক মনোভাব রয়েছে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউদ্দিন ভূঁঞা**
সহকারী সচিব।

---

**[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৪/০৪ জুন ২০১৭

**নং ৪৩.০০.০০০০.১১৪.০১৬.৬৫.১৩/২৯২**—১৯৬৮ ইং সালের (১৯৭৬ ইং সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ ধারা (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ সংরক্ষিত প্রত্নসম্পদ বলিয়া ঘোষণা করা হলো।

| ক্রমিক নং | প্রত্নসম্পদের নাম, অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানার পূর্ণ বিবরণ | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | বাহাদুরপুর পুরান বাড়ী জামে মসজিদ। গ্রাম-বাহাদুরপুর উপজেলা-বিয়ানী বাজার জেলা-সিলেট। | বাগপ্রচন্ডখাঁ/ ১৩৫ | ৭ হাল ১০২৯ | ২০৭৪ হাল ২৫৬২ | ০.০৮এঃ (আট শতাংশ) | উত্তর-পুকুর দক্ষিণ-বাড়ী পূর্ব-পুকুর পশ্চিম-বাড়ী | আব্দুল বাকী চৌঃ পিং-আঃ আহাদ চৌধুরী সাং-বাগপ্রচন্ডখাঁ | হ্যাঁ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জিয়াউদ্দিন ভূঁঞা**
সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ জুলাই ২০১৭

**নং ৫৯.০০.০০০০.১০৪.০৬.০০৯.২০১৭-২৩৮**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.২৪.০০.০৫০. ২০১০-৪৫ সংখ্যক স্মারক মোতাবেক স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২য় শ্রেণির গেজেটেড কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদানের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

০১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

**সদস্যবৃন্দ**

০২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

০৩. অর্থ মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি

০৪. সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর এর পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

০৫. উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

**কমিটির কার্যপরিধি:** এই কমিটি সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্তপূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগ ও তদাধীন অধিদপ্তর/পরিদপ্তর/ দপ্তরের ২য় শ্রেণির গেজেটেড কর্মকর্তা হিসাবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর গ্রেড/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**ডা. মোঃ সারোয়ার বারী**
উপসচিব।

---

**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ আগস্ট ২০১৭

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৫-৩৪০**—যেহেতু ডাঃ এ. কে. এম. কামাল (৩৮৫৮৯), সিনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), সদর হাসপাতাল, ঝিনাইদহ, ঝিনাইদহ থানার মামলা নং-১, তারিখঃ ০১-০২-২০১৫ এর বিপরীতে যৌথ বাহিনী কর্তৃক গত ১৪-০২-২০১৫ খ্রিঃ গ্রেফতার হওয়ায় বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি ৭৩ মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৩-০৩-২০১৫ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১. ২০১৫-১৩৭ নং আদেশমূলে তাঁকে সরকারি চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, উক্ত মামলায় বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, ঝিনাইদহ গত ১৩-১০-২০১৬ খ্রিঃ আদেশে উক্ত মামলায় তাঁর বিরুদ্ধে আনীত ফৌজদারি অভিযোগের দায় হতে তাঁকে বেকসুর খালাস প্রদান করেছেন;

এমতাবস্থায়, ডাঃ এ. কে. এম. কামাল (৩৮৫৮৯), সিনিয়র কনসালটেন্ট (কার্ডিওলজি), সদর হাসপাতাল, ঝিনাইদহের ০৩-০৩-২০১৫ খ্রিস্টাব্দের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২১.২০১৫-১৩৭ নং সাময়িক বরখাস্ত আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হল এবং তাঁর সাময়িক বরখাস্তকালীন সময়কে বিধি মোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করা হল।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**আদেশাবলী**

তারিখ : ২৩ শ্রাবণ ১৪২৪/০৭ আগস্ট ২০১৭

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১০২.২০১৫-৩৫০**—যেহেতু ডাঃ এস এম মামুন ইকবাল (১১৩৩৫৫), মেডিকেল অফিসার, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা গত ১১-১২-২০১৩ খ্রিঃ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ০৩-০৯-২০১৫ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১০২.২০১৫-৫৭৩ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ০৪-১০-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১০২.২০১৫-৭০৭ নং স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয় ;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ০৮-০৫-২০১৭ তারিখের ৮০.১০৭.০৩৪. ০০.০০.০২৫.২০১৭-১০৪ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে ;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ২৭-০৭-২০১৭ খ্রিঃ তারিখে সদয় অনুমোদন করেছেন ;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ এস এম মামুন ইকবাল (১১৩৩৫৫), মেডিকেল অফিসার, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১১-১২-২০১৩ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৬.২০১৭-৩৫১**—যেহেতু, ডাঃ এস এ শামীম (১৩৪৮৪০), ইনডোর মেডিকেল অফিসার, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুর) গত ০৮-০৮-২০১৬ খ্রিঃ হতে ৩০-১২-২০১৬ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৭-০৩-২০১৭ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৬.২০১৭-১৫৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও গত ২৭-০৭-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর বাবা দীর্ঘ দিন যাবৎ যকৃৎ সমস্যাজনিত রোগে ভুগছিলেন। তাঁর বাবা খুব অসুস্থ হয়ে পড়লে পরিবারের একমাত্র ছেলে সন্তান হওয়ায় তিনি উক্ত সময়ে কর্মস্থলে উপস্থিত হতে পারেননি। এ কারণে তিনি তাঁর ভুলের জন্য আন্তরিকভাবে দুঃখিত এবং ক্ষমাপ্রার্থী। ভবিষ্যতে এ রকম ভুল হবে না বলে তিনি প্রতিজ্ঞাবদ্ধ হয়েছেন;

এমতাবস্থায়, ডাঃ এস এ শামীম (১৩৪৮৪০), ইনডোর মেডিকেল অফিসার, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কাউখালী, পিরোজপুর) বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম-কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ০৮-০৮-২০১৬ খ্রিঃ হতে ৩০-১২-২০১৬ খ্রিঃ পর্যন্ত সময়কে প্রাপ্যতা সাপেক্ষে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৪.২০১৬-৩৫৩**—যেহেতু, ডাঃ মোছাঃ মুনমুন ফারজানা (১২৬০০৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, গাইবান্ধা গত ২৬-১০-২০১৩ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২২-১২-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬৪.২০১৬-৯৩১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও গত ২৭-০৭-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ২৫-১০-২০১৩ খ্রিঃ দায়িত্ব পালনকালে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। পরবর্তীতে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ অনুযায়ী ডাক্তারি পরীক্ষার পর তাঁকে জন্ডিসের চিকিৎসা ও বিশ্রামের পরামর্শ প্রদান করা হয়। তিনি ২৪-০২-২০১৪ খ্রিঃ পর্যন্ত পর্যায়ক্রমে অর্জিত ছুটির আবেদন করেছেন। পারিবারিক ও মানসিক বিভিন্ন সমস্যার কারণে তিনি কর্মস্থলে যোগদান করতে পারেন নাই। তিনি জন্ডিসে আক্রান্ত হয়ে শারীরিকভাবে অসুস্থ ও মানসিকভাবে বিপর্যস্ত থাকায় কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। এ সময়ে তাঁর প্রথম সন্তানের জন্ম হয়। তিনি সরকারি চাকরিতে বহাল থাকতে চান এবং তাঁর উপর অর্পিত দায়িত্ব পালন করবেন মর্মে অঙ্গিকার করেছেন। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি যা তাঁর সম্পূর্ণ অনিচ্ছাকৃত অপরাধ তা স্বীকার করছেন ও নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করছেন। চাকরিতে বহাল রাখলে তিনি নারী হিসেবে জনগণের স্বাস্থ্য সেবায় অবদান রাখবেন;

এমতাবস্থায়, ডাঃ মোছাঃ মুনমুন ফারজানা (১২৬০০৯), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সদর, গাইবান্ধার বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানিকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র এবং পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনায় নবীন কর্মকর্তা বিবেচনায় তাঁকে ভবিষ্যতে সরকারি নিয়ম-কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হল। তাঁর ২৬-১০-২০১৩ খ্রিঃ হতে এ আদেশ পর্যন্ত তাঁর কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত অনুপস্থিত সময়কালকে প্রথম পর্যায়ে ছুটি প্রাপ্যতা সাপেক্ষে পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি, দ্বিতীয় পর্যায়ে ছুটি প্রাপ্যতা সাপেক্ষে অর্ধগড় বেতনে অর্জিত ছুটি এবং ছুটি প্রাপ্যতা কম হলে অবশিষ্ট সময়কাল বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৭-৩৫৪**—যেহেতু, ডাঃ তানজিনা সুলতানা (১২২০৭২), মেডিকেল অফিসার, জুনিয়র কনসালট্যান্ট এ্যানেসথিশিয়া পদের বিপরীতে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মতলব (দঃ), চাঁদপুর গত ০১-০৭-২০১১ খ্রিঃ হতে ২৯-০৯-২০১৫ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ০৫-০৬-২০১৭ খ্রিঃ **৪৫.১৫০.০২৭.০১.০০.**০৩৩.২০১৭-২৪৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও গত ২৭-০৭-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ০১-০৭-২০১১ খ্রিঃ থেকে মানসিক বিপর্যস্ততার কারণে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। পরবর্তীতে তিন গর্ভজনিত জটিলতার কারণে অসুস্থ হয়ে পড়েন। তিনি Hyperemesis-gravidarum, Abortion, Incomplete abortion রোগে ভুগছিলেন এবং post dated pregnancy & placenta previa গর্ভজনিত জটিলতার কারণে Caesarean Section এর মাধ্যমে তিন সন্তান প্রসব করেন। পরবর্তীতে Discharge in Incisional area. PLID, PID, post caesarean complication ইত্যাদি রোগে ভুগছিলেন। দাখিলকৃত কাগজপত্র অনুযায়ী তাঁর শারীরিক অসুস্থতার প্রমাণ পাওয়া যায়। পরবর্তীতে তাঁর মানসিক ও শারীরিক অবস্থা স্থিতিশীল হওয়ায় চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র ও মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত শারীরিক ফিটনেস সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ৩০-০৯-২০১৫ খ্রিঃ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান করেন এবং পরবর্তীতে তাঁকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মতলব (দঃ), চাঁদপুরে পদায়ন করা হয়। তিনি ০৯-১০-২০১৬ খ্রিঃ হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মতলব (দঃ), চাঁদপুরে যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন।

এমতাবস্থায়, ডাঃ তানজিনা সুলতানা (১২২০৭২), মেডিকেল অফিসার, কনসালট্যান্ট এ্যানেসথিশিয়া পদের বিপরীতে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মতলব (দঃ), চাঁদপুরের বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানিকালে তাঁর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র এবং পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনায় নবীন কর্মকর্তা বিবেচনায় তাঁকে ভবিষ্যতে সরকারি নিয়ম-কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে তাঁর ০১-০৭-২০১১ খ্রিঃ হতে ২৯-০৯-২০১৫ খ্রিঃ পর্যন্ত অনুপস্থিত সময়কালকে প্রথম পর্যায়ে ছুটি প্রাপ্যতা সাপেক্ষে পূর্ণগড় বেতনে অর্জিত ছুটি, দ্বিতীয় পর্যায়ে ছুটি প্রাপ্যতা সাপেক্ষে অর্ধগড় বেতনে অর্জিত ছুটি এবং ছুটি প্রাপ্যতা কম হলে অবশিষ্ট সময়কাল বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুরপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরে যোগদান অর্থাৎ ৩০-০৯-২০১৫ খ্রিঃ হতে বর্তমান কর্মস্থলে যোগদানের পূর্ব দিন অর্থাৎ ০৮-১০-২০১৬ খ্রিঃ পর্যন্ত সময়কাল কর্মকাল হিসেবে গণ্য করা হল এবং উক্ত সময়ের বেতন-ভাতাদি তিনি বর্তমান কর্মস্থল হতে উত্তোলন করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৪/০৮ আগস্ট ২০১৭

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৪.২০১৭-৩৫৭**—যেহেতু ডাঃ মুসফেক-উস-সালেহীন খান, সহকারী সার্জন, চামটা উপ-স্বাস্থ্য কেন্দ্র, বাকেরগঞ্জ, বরিশাল গত ০৪-০৭-২০১০ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০৪-০৭-২০১৫ খ্রিঃ তাঁর সরকারি চাকরিতে অনুপস্থিতকাল (অনুমোদিত অথবা অনুমোদনবিহীন ছুটিসহ) ধারা-বাহিক ভাবে ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি সয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মুসফেক-উস-সালেহীন খান, সহকারী সার্জন, চামটা উপ-স্বাস্থ্য কেন্দ্র, বাকেরগঞ্জ, বরিশালের কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০৪-০৭-২০১৫ খ্রিঃ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ০৪-০৭-২০১০ খ্রিঃ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন-ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**ডিটিসিএ ও ডিএমটিসি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/০৭ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০৪৮.৯৯.০০৫.১৫.১২৮**—ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০১২ এর ধারা ৯ এর উপ-ধারা (ঠ) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ১৬-০৭-২০১৭ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১৪৪.৩২.০৮১.০৮-৩৭ এ প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর অধিক্ষেত্রে বহুতল ভবন ও আবাসিক প্রকল্পের Treffic Circulation সংক্রান্ত নকশা অনুমোদনের ক্ষেত্রে ডিটিসিএ'র ছাড়পত্র ফি নিম্নোক্তহারে নির্ধারণ করা হল :

**বহুতল ভবন**

| ক্রম | ইমারতের ১০ (দশ) তম তলার উপরের সকল তলা মিলে সর্বমোট মেঝে এলাকা | ছাড়পত্র ফি |
|---|---|---|
| ১। | অনুর্ধ্ব ৮০০ বর্গমিটার | ৪,০০০/- (চার হাজার টাকা) |
| ২। | ৮০০ বর্গমিটার হতে ১০০০ বর্গমিটার পর্যন্ত | ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) |
| ৩। | ১০০১ বর্গমিটার হতে ১৫০০ বর্গমিটার পর্যন্ত | ৮,৫০০/- (আট হাজার পাঁচ শত টাকা) |
| ৪। | ১৫০১ বর্গমিটার হতে ২০০০ বর্গমিটার পর্যন্ত | ১৩,০০০/- (তের হাজার টাকা) |
| ৫। | ২০০১ বর্গমিটার হতে ৩০০০ বর্গমিটার পর্যন্ত | ২৮,০০০/- (আটাশ হাজার টাকা) |
| ৬। | ৩০০১ বর্গমিটার হতে ৪০০০ বর্গমিটার পর্যন্ত | ৪৩,০০০/- (তেঁতাল্লিশ হাজার টাকা) |
| ৭। | ৪০০১ বর্গমিটার হতে ৫০০০ বর্গমিটার পর্যন্ত | ৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার টাকা) |
| ৮। | ৫০০১ বর্গমিটার হতে ১০০০০ বর্গমিটার পর্যন্ত | ৮৫,০০০/- (পঁচাশি হাজার টাকা) |
| ৯। | ১০০০১ বর্গমিটার হতে ১৫০০০ বর্গমিটার পর্যন্ত | ১,০৮,০০০/- (এক লক্ষ আট হাজার টাকা) |
| ১০। | ১৫০০১ বর্গমিটার হতে ২০০০০ বর্গমিটার পর্যন্ত | ১,৩৫,০০০/- (এক লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা) |
| ১১। | ২০০০১ বর্গমিটার হতে ৩০০০০ বর্গমিটার পর্যন্ত | ২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার টাকা ) |
| ১২। | ৩০০০১ বর্গমিটারের উর্দ্ধে | ৩,৭০,০০০/- (তিন লক্ষ সত্তর হাজার টাকা) |

**আবাসিক প্রকল্প**

| ক্রম | আবাসিক প্রকল্পের অনুমোদন/ছাড়পত্রের ক্ষেত্র | ছাড়পত্র ফি |
|---|---|---|
| ১। | নতুন প্রকল্প অনুমোদনের জন্য একর প্রতি | ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত টাকা) |
| ২। | নবায়নের জন্য একর প্রতি | ৫০০/- (পাঁচশত টাকা) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দীপঙ্কর মন্ডল**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শাখা-১০**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ আগস্ট ২০১৭ খ্রিঃ

নং **৪০.০১০.০৪০.০০.০০.০০৪.২০১০-৪৭৭**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.১৭০.০২২.২৪.০০.০৫০.২০১০-৪৫, তারিখ : ২৭-০১-২০১১ মোতাবেক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এর ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম

শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের লক্ষ্যে নিম্নোক্তভাবে বিভাগীয় পদোন্নতি/নিয়োগ কমিটি পুনঃগঠন করা হলো :

(ক)

**সভাপতি**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩। যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৪। সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রধান

**সদস্য-সচিব**

৫। যুগ্মসচিব (শ্রম ও আইন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**(খ) উপরোক্ত কমিটির কার্যপরিধি :**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে অধিদপ্তর/ পরিদপ্তর/দপ্তরের ৭ম, ৮ম ও ৯ম গ্রেডের ১ম শ্রেণির কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ করবে।

০২। অত্র মন্ত্রণালয় হতে ১৬-০২-২০১৫ তারিখের ৪০.০১০. ০১২.০০.০০.০০১.২০১১ (অংশ-১)-৯৫ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দিল আফরোজা বেগম**
সিনিয়র সহকারী সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০১ ভাদ্র ১৪২৪ বঃ/১৬ আগস্ট ২০১৭ খ্রিঃ

নং **৩৬.০০.০০০০.০৮২.১৪.০০৬.১৭/১০৯**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন "সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় ১৩ (তের) টি বাফার গুদাম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তাবায়নের লক্ষ্যে নিম্নরূপ একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

(১) সচিব, শিল্প মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) চেয়ারম্যান, বিসিআইসি

(৩) যুগ্মপ্রধান, শিল্প মন্ত্রণালয়

(৪) উপপ্রধান, শিল্প মন্ত্রণালয়

(৫) কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি

(৬) শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি

(৭) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর প্রতিনিধি

(৮) অর্থ বিভাগের প্রতিনিধি

(৯) এনইসি-একনেক ও সমন্বয় উইং পরিকল্পনা বিভাগ এর প্রতিনিধি

(১০) পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), বিসিআইসি

(১১) উর্ধ্বতন মহাব্যবস্থাপক (প্রকল্প বাস্তবায়ন), বিসিআইসি

(১২) প্রকল্প পরিচালক, "সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় ১৩ (তের) টি বাফার গুদাম নির্মাণ" শীর্ষক প্রকল্প

**সদস্য-সচিব**

(১৩) সংশ্লিষ্ট ডেক্স কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়

**০২। কমিটির কার্য পরিধি :**

(1) To review the recommendation of the project implementation committee for addressing problems that arise during project implementation and to take decision accordingly.

(2) To give guideline to formulate policies wich required for implementing project activities.

(3) Any other matter related to project implementation.

(4) The committee will meet at least once in every three months.

(5) The committee may co-opt new members, if necessary.

নং **৩৬.০০.০০০০.০৮২.১৪.০০৬.১৭-১১০**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন "সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় ১৩ (তের) টি বাফার গুদাম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তাবায়নের লক্ষ্যে নিম্নরূপ একটি Project Implementation Committee (PIC) কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

(১) চেয়ারম্যান, বিসিআইসি

**সদস্যবৃন্দ**

(২) উপপ্রধান, শিল্প মন্ত্রণালয়

(৩) শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি

(৪) কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন-এর প্রতিনিধি

(৫) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর প্রতিনিধি

(৬) অর্থ বিভাগের প্রতিনিধি

(৭) এনইসি-একনেক ও সমন্বয় উইং পরিকল্পনা বিভাগ এর প্রতিনিধি

(৮) পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), বিসিআইসি

(৯) উর্ধ্বতন মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ, বিসিআইসি

(১০) উর্ধ্বতন মহাব্যবস্থাপক, প্রকল্প বাস্তবায়ন বিভাগ, বিসিআইসি

(১১) উর্দ্ধতম মহাব্যবস্থাপক, নির্মাণ বিভাগ, বিসিআইসি

(১২) গণপূর্ত বিভাগের প্রতিনিধি

(১৩) সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তা, বিসিআইসি

**সদস্য-সচিব**

(১৪) প্রকল্প পরিচালক, "সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় ১৩ (তের) টি বাফার গুদাম নির্মাণ" শীর্ষক প্রকল্প

**২। কমিটির কার্য পরিধি :**

(1) To give necessary assistance or suggestion for implemention project activeties.

(2) If any problem arise during project implementation to give necessary decision to solve the problem.

(3) The committee will meet at least once in every three months.

(4) The committee can co-opt one or more members, if necessary.

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
সহকারী প্রধান।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃংখলা অধিশাখা**

**আদেশাবলী**

তারিখ : ১৩ আগস্ট ২০১৭ খ্রিঃ

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৬-৩৬১**—যেহেতু, ডাঃ মোহাঃ সাইফ হোসেন জোয়ার্দ্দার (১৩৩১৬২), সহকারী সার্জন, মোনাখালী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর, মেহেরপুর গত ১৯-০৯-২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৪-১১-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৪.২০১৫-৮৪৯ স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৯-০২-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এমতাবস্থায় ডাঃ মোহাঃ সাইফ হোসেন জোয়ার্দ্দার (১৩৩১৬২), সহকারী সার্জন, মোনাখালী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, মুজিবনগর, মেহেরপুরের বিরুদ্ধে আনীত অভিযোগ, ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, ইতোপূর্বে প্রদত্ত শাস্তি এবং সামগ্রিত বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। ৪র্থ বছরে তাঁর বর্ধিত বেতন (Increment rate of Salary) প্রাপ্যতা শুরু হবে। স্থগিতজনিত বেতন-ভাতাদি তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবে না। তাঁর ১৯-০৯-২০১৬ খ্রিঃ হতে কর্মস্থলে পুনরায় যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়ে বেতন-ভাতাদি উত্তোলিত হলে তা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো। নতুবা উত্তোলিত বেতন ভাতাদি সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.১১৭.২০১৬-৩৬২**—যেহেতু, ডাঃ মোঃ কফিল উদ্দিন (৪৩৮৪৯), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালট্যান্ট এ্যানেসথেসিয়া পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাহিরপুর, সুনামগঞ্জ গত ২৬-০৫-২০১৫ খ্রিঃ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ০৩-১০-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০. ১১৭.২০১৬-৬৯৪ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ২২-০৩-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এমতাবস্থায় ডাঃ মোঃ কফিল উদ্দিন (৪৩৮৪৯), মেডিকেল অফিসার (জুনিয়র কনসালট্যান্ট এ্যানেসথেসিয়া পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, তাহিরপুর, সুনামগঞ্জের বিরুদ্ধে আনীত অভিযোগ, ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো। ৪র্থ বছরে তাঁর বর্ধিত বেতন (Increment rate of Salary) প্রাপ্যতা শুরু হবে। স্থগিতজনিত বেতন-ভাতাদি তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবে না। তাঁর ২৬-০৫-২০১৫ খ্রিঃ হতে কর্মস্থলে পুনরায় যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়ে বেতন-ভাতাদি উত্তোলিত হলে তা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ প্রদান করা হলো। নতুবা উত্তোলিত বেতন ভাতাদি সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**টেলিকম-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ শ্রাবণ ১৪২৪/১০ আগস্ট ২০১৭

নং **১৪.০০.০০০০.০১০.০২২.০২২.১২-৩৯৯**—বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ধারা ৯৮, ধারা ২১ ক(১) মোতাবেক এস, আর, ও নং ২৮৪-আইন/২০১৪ মূলে প্রণীত সামাজিক দায়বদ্ধতা তহবিল বিধিমালা, ২০১৪ এর আওতায় নিম্নরূপভাবে তহবিল ব্যবস্থাপনা কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

(ক) ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী;

**সদস্যবৃন্দ**

(খ) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী;

(গ) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;

(ঘ) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

(ঙ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(চ) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন;

(ছ) ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন;

(জ) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড;

(ঝ) টিআইএম নুরুল কবীর, মহাসচিব, এসোসিয়েশন অব মোবাইল অপারেটর্স অব বাংলাদেশ;

(ঞ) সভাপতি, এসোসিয়েশন অব পিএসটিএন অপারেটর্স অব বাংলাদেশ;

(ট) এম, এ হাকিম, সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ;

**সদস্য-সচিব**

(ঠ) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ এমদাদ উল বারী, এনডিসি, পিএসসি, টিই, মহাপরিচালক, সিস্টেম এন্ড সার্ভিসেস বিভাগ, বিটিআরসি।

২। তহবিল ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলী :

(১) তহবিল ব্যবস্থাপনার সম্পূর্ণ দায়িত্ব তহবিল ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকবে।

(২) (১) এ বর্ণিত তহবিল ব্যবস্থাপনা কমিটির সামগ্রিক দায়িত্বের আওতায় নিম্নবর্ণিত কার্যাবলী অন্তর্ভুক্ত থাকবে, যথা :

(ক) তহবিলের অর্থ যথাযথ ব্যবহারের লক্ষ্যে কর্মসূচী প্রণয়ন, প্রকল্প গ্রহণ ও উহা অনুমোদন;

(খ) প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ; এবং

(গ) তহবিলের বাৎসরিক বাজেট অনুমোদন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ মাজেদা ইয়াসমীন**
উপসচিব।